



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৮.০১২.২১. ৯৯

তারিখ: ০৩ মাঘ ১৪২৮।
১৭ জানুয়ারি ২০২২।

বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তর কর্তৃক পরিচালিত ও বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদি বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কেন্দ্রীয় ভর্তি কমিটি কর্তৃক অনুমোদিত অপেক্ষমান তালিকা হতে মেধা অনুযায়ী যোগ্য প্রার্থী হিসেবে রোল নম্বর এর ক্রমানুযায়ী ৪র্থ মেধা তালিকা ও ৩য় মাইগ্রেশন তালিকা বস্ত্র অধিদপ্তরের ওয়েব সাইট (www.dot.gov.bd) ও সংশ্লিষ্ট কলেজের ওয়েব সাইটে (www.sarstec.com, www.tecn.gov.bd, www.pabtec.gov.bd, www.sktec.jhenaidah.gov.bd, www.dwmtec.pirgonj.rangpur.gov.bd, www.ctec.chittagong.gov.bd) প্রকাশ করা হয়েছে।

ভর্তি যোগ্য প্রার্থীদের জন্য তথ্যাবলী :

- ১। ৪র্থ মেধা তালিকা ও ৩য় মাইগ্রেশন তালিকা হতে ২৩/০১/২০২২ তারিখ হতে ২৭/০১/২০২২ তারিখ সকাল ৯:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতিত) নির্ধারিত প্রতিষ্ঠানে ভর্তি হতে হবে।
- ২। ভর্তির সময় প্রার্থীর এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট অবশ্যই জমা দিতে হবে। মূল ট্রান্সক্রিপ্ট ছাড়া ভর্তি করা হবে না। এটি কোর্স সমাপ্ত পর্যন্ত প্রতিষ্ঠানে জমা থাকবে।
- ৩। ভর্তির সময় প্রার্থীর ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে।
- ৪। হল পরিদর্শক কর্তৃক পরীক্ষার দিন স্বাক্ষরিত প্রবেশ পত্রের কপি ও এইচএসসি রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি সংগে আনতে হবে।
- ৫। ভর্তির জন্য ১৭,৮০০/- (সতের হাজার আট শত) টাকা ব্যাংক/নগদ জমা দিয়ে রশিদ প্রদর্শন পূর্বক রেজিস্ট্রারের নিকট হতে ভর্তির ফরম ও অঙ্গীকারনামা সংগ্রহ করে যথাযথ ভাবে পূরণ করে রেজিস্ট্রার/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।
- ৬। ভর্তির জন্য প্রতিষ্ঠান মনোনীত নির্ধারিত ডাক্তার কর্তৃক স্বাস্থ্য সনদ জমা দিতে হবে।
- ৭। সংরক্ষিত কোটার ক্ষেত্রে যে সকল অতিরিক্ত কাগজপত্র জমা দিতে হবেঃ
 - (ক) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদ পত্রের মূল কপি প্রদর্শন পূর্বক যে প্রতিষ্ঠানে ভর্তি হতে ইচ্ছুক সেই প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক সত্যায়িত কপি ও মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, পৌরসভা, সিটি কর্পোরেশনের কমিশনার/মেয়র কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র প্রদর্শন পূর্বক যে প্রতিষ্ঠানে ভর্তি হতে ইচ্ছুক সে প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক সত্যায়িত কপি দাখিল করতে হবে।
 - (খ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রেঃ রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, পার্বত্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজার/জেলা প্রশাসকের ও অন্যান্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নিকট হতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদপত্রের মূল কপি জমা দিতে হবে।
- ৮। ভর্তির সময় মাইগ্রেশন করতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের (টেলিটকে আবেদন অনুযায়ী) পছন্দের ২(দুই)টি কলেজের নাম লিখে নির্ধারিত আবেদনপত্র জমা দিতে হবে।
- ৯। মাইগ্রেশন ফি ৩,০০০/- (তিন হাজার) টাকা ভর্তিকৃত কলেজে পরিশোধ পূর্বক মাইগ্রেশন ছাড়পত্র গ্রহণ করতে হবে। উক্ত ছাড়পত্র প্রদর্শনপূর্বক মাইগ্রেশনকৃত কলেজে ভর্তি হতে হবে।
- ১০। ৩১/০১/২০২২ তারিখ ৪র্থ মেধা তালিকা হতে ভর্তির পর শূন্য আসনে ভর্তির জন্য যোগ্য অপেক্ষমান তালিকা হতে মেধানুযায়ী প্রার্থীদের তালিকা প্রকাশ করা হবে।

বিঃ দ্রঃ ভর্তির বিষয়ে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ সুরঞ্জামান)
মহাপরিচালক
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

ও

আহবায়ক, কেন্দ্রীয় ভর্তি কমিটি।

চলমান পাতা-২